

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِي الْمُعَامَلَةِ

আরবী

وَعَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ رَجُلًا كَانَ فِيمَنْ قَبْلَكُمْ أَتَاهُ الْمُلَكُ لِيَقْبِضَ رُوحَهُ فَقيل لَهُ: هَل علمت مَنْ خَيْرٍ؟ قَالَ: مَا أَعْلَمُ. قِيلَ لَهُ انْظُرْ قَالَ: مَا أَعْلَمُ شَيْئًا غَيْرَ أَنِي كُنْتُ أَبَايِعُ النَّاسَ فِي الدُّنْيَا وَأُجَازِيهِمْ فَأُنْظِرُ الْمُوسِرَ وَأَتَجَاوَزُ عَنِ الْمُعْسِرِ فَأَدْخَلَهُ اللَّهُ الْجَنَّةَ

বাংলা

২৭৯১-[২] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের পূর্ববর্তী উম্মাতের এক লোকের কাছে মৃত্যুর মালাক (ফেরেশতা) তার রূহ কবজ করার জন্য উপস্থিত হলেন। ওই লোকটিকে জিজ্ঞেস করা হলো, তুমি কি কোনো বিশেষ নেক 'আমল করেছো? লোকটি বললো, আমার স্মরণ নেই। লোকটিকে বলা হলো, তুমি চিন্তা করো। অতঃপর লোকটি বললো, একটি কাজ ছাড়া এমন কোনো ভালো কাজের কথা আমার স্মরণে আসে না। আর তা হলো দুনিয়ার জীবনে আমি লোকেদের সাথে ব্যবসা করতাম, ব্যবসায়ী আদান প্রদানের ক্ষেত্রে আমি লোকেদের সাথে সহানুভূতিশীল থাকতাম। আমার দেনাদার ধনী লোক হলেও আমি তাকে সময় দান করতাম, আর দেনাদার গরীব-লোক হলে আমি তাকে আমার পাওনা মাফ করে দিতাম। এ (নেক) 'আমলের কারণে আল্লাহ তা'আলা তাকে জান্নাতে প্রবেশ করালেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৪৫১, মুসলিম ১৫৬০, আহমাদ ২৩৩৫৩, সহীহ আত্ তারগীব ৯০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَقِيْلَ لَه: هَلْ عَمِلْتَ مِنْ خَيْرِ؟) "তাকে প্রশ্ন করা হলো, তুমি কি কোনো ভালো কাজ করেছ?" তাকে



কখন এ প্রশ্ন করা হয়েছিল- এ প্রসঙ্গে 'উলামাগণের মতানৈক্য রয়েছে। হাদীসের প্রকাশমান অর্থ দ্বারা বুঝা যায় মৃত্যুর সময় তাকে এ প্রশ্ন করা হয়েছিল। 'আল্লামা মুযহির বলেনঃ এ প্রশ্ন ছিল কবরে। ত্বীবী (রহঃ) বলেনঃ কিয়ামত দিবসে তাকে এ প্রশ্ন করা হবে। (মিরকাতুল মাফাতীহ)

(قِيلَ لَهُ انْظُرُ) ''তাকে বলা হবে তুমি দেখ'' অর্থাৎ তুমি চিন্তা করে দেখ কখনো ভালো কাজ করেছ কিনা?

(أُجَازِيهِمْ فَأَنْظِرُ الْمُوسِرَ وَأَتَجَاوَزُ عَنِ الْمُعْسِرَ وَالْجَاوِزُ عَنِ الْمُعْسِرَ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزُ وَالْجَاوِزِ وَالْمُعْسِرَ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِرِ وَالْجَاوِزِ وَالْجُهَالِ وَالْجَاوِزِ وَالْجَاوِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِزِ وَالْجَاوِقِ وَالْجَاوِزِ وَالْجَاوِ وَالْجَاوِرُ وَالْجَاوِزِ وَالْجَاوِقِ وَالْجَاوِ وَالْجَاوِقِ و

হাদীসের শিক্ষাঃ কোনো প্রকার ভালো কাজকেই অবজ্ঞা করতে নেই, যদিও তা সামান্য হয়। কেননা অল্প ভালো কাজই তার জন্য সৌভাগ্য অথবা দয়া অর্জনের কারণ হতে পারে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন